দুর্গাপুর উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

দূর্গাপুর- রাজশাহীর দূর্গাপুর উপজেলায় আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

২৪ মার্চ (সোমবার) সকাল ১০টায় উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ মিনি হলরুমে এ মাসিক সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সাবরিনা শারমিনের সভাপতিত্বে উপস্থিত ছিলেন,উপজেলা নির্বাচন অফিসার মোঃ জয়নুল আবেদীন, দুর্গাপুর থানার ওসি (তদন্ত) রফিকুল ইসলাম, দুর্গাপুর ফাজিল মাদরাসার অধ্যক্ষ আলতাফ হোসেন, দুর্গাপুর ডিগ্রী কলেজের অধ্যক্ষ আব্দুল আজিজ, নওপাড়া ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মো. আজাদ সরদার,কিসমত গনকৌড় ইউপির প্রশাসক ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা দুলাল আলম। পানানগর ইউপির প্রশাশক ও আনসার-ভিডিপি কর্মকর্তা সেলিনা আক্তার, জয়নগর ইউপির প্রশাশক ও সমাজসেবা অফিসার আ ন ম রাকিবুল ইউসুফ, মাড়িয়া ইউপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান সাহাদত হোসেন,দুর্গাপুর ফায়ার সার্ভিসের টিম লিডার সাইদুর রহমানসহ সকল ইউনিয়ন চেয়ারম্যান, বিভিন্ন দপ্তরের কর্মকর্তা,এছাড়াও স্থানীয় গণমাধ্যম কর্মীরা উপস্থিত ছিলেন।

সভায় উপজেলা নির্বাহী কর্মকতা (ইউ এনও) উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখাসহ সন্ত্রাস, মাদক, চোরাচালান প্রতিরোধসহ বিভিন্ন বিষয়ে দিক নির্দেশনা মূলক বক্তব্য দেন ।